গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কুষ্টিয়া।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০৫.৫০০০.০০৫.৪৯.০০১.১৮.২৮৯৫(২২)

তারিখ ঃ ২৯/১০/২০১৮ খ্রিঃ।

# দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর/জগতি/কুমারখালি/খোকসা/ভেড়ামারা/মিরপুর/হালসা/দৌলতপুর এলএসডি'র ২০১৮-২০১৯ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য প্রতি এলএসডির জন্য একজন শ্রম ও হস্তাপর্ণ (Labour & Handling) ঠিকাদার নিয়োগের জন্য আগ্রহী প্রতিষ্ঠান/ঠিকাদারদের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয় |
| ২। | এজেন্সি | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া |
| ৩। | সংগ্রাহক সত্তা | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া |
| ৪। | যে কাজের জন্য দরপত্র /কাজের নাম | ঃ | কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর/জগতি/কুমারখালি/খোকসা/ভেড়ামারা/মিরপুর/হালসা/ দৌলতপুর এলএসডি এর (Labour & Handling) ঠিকাদার নিয়োগ |
| ৫। | দরপত্রের বিজ্ঞপ্তি নং ও তারিখ | ঃ | স্মারক নং- ২৮৯৫ তাং-২৯/১০/২০১৮ খ্রিঃ। |
| ৬। | দরপত্র সংগ্রহের পদ্ধতি | | ০২(দুই) খাম পদ্ধতি (উন্মুক্ত)। |
| ৭। | কাজের সময়কাল | ঃ | ২০১৮-২০১৯ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য। |
| ৮। | দরপত্র তফসীল বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ২৭/১১/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত। |
| ৯। | দরপত্র তপশীল (সিডিউল) মূল্য (অফেরতযোগ্য) | ঃ | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মাত্র। |
| ১০। | টেন্ডার সিকিউরিটি(ফেরতযোগ্য) | ঃ | ১০০০০/- (দশ) হাজার টাকা (প্রতি এলএসডি'র জন্য) |
| ১১। | পারফরমেন্স সিকিউরিটি (কৃতকার্য ঠিকাদারদের ক্ষেত্রে) | ঃ | সংশ্লিষ্ট এলএসডি'র বিগত ৩(তিন) বছরের শ্রম ও হস্তাপর্ণ কাজে পরিশোধিত বিলের গড় টাকার ১৫% তবে ১০,০০০/-(দশ হাজার) টাকার কম নয়। |
| ১২। | বাজেট ও আয়ের উৎস | ঃ | বাংলাদেশ সরকারের রাজস্ব বাজেট । |
| ১৩। | দরপত্র বিক্রয় ও প্রাপ্তির স্থান | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, কুষ্টিয়া ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, খুলনা। |
| ১৪। | দরপত্র দাতার অভিজ্ঞতা | ঃ | খাদ্যশস্য/খাদ্য সামগ্রীর শ্রম ও হস্তাপর্ণ কাজে ন্যূনতম ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। অভিজ্ঞতা সনদ সংশ্লিষ্ট ডিডিও কর্তৃক ইস্যুকৃত হতে হবে। |
| ১৫। | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | ঃ | ২৮/১১/২০১৮ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা। |
| ১৬। | দরপত্র গ্রহণকারী দপ্তরের নাম | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, কুষ্টিয়া।<br>জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া। |
| ১৭। | দরপত্র উন্মুক্তকারী দপ্তরের নাম | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, কুষ্টিয়া। |
| ১৮। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | ক) ২৮/১১/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ২.৩০ ঘটিকায় যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া এর অফিস কক্ষে দরপত্র দাতা/দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) যোগ্যতা বিষয়ক প্রস্তাব উন্মুক্ত করণ কমিটি (TOC) কর্তৃক খোলা হবে এবং সে সকল দরপত্র দাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব সঠিক পাওয়া যাবে, সে সকল দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং কমিটি কর্তৃক তুলনামুলক বিবরণীর মাধ্যমে দরদাতা নির্বাচন করা হবে। |
| ১৯। | দরপত্রের মেয়াদকাল | ঃ | ক) দরপত্র গ্রহণের তারিখ হতে ১২০ দিন। |
| ২০। | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী | ঃ | মুহাম্মদ তানভীর রহমান, জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া |
| ২১। | দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য অফিস চলাকলীন সময়ে। | ঃ | দরপত্র সম্পর্কিত তথ্য জানার জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, কুষ্টিয়া এর ০৭১-৬১৯১৮ নং টেলিফোনে যোগাযোগ করতে পারবেন। |
| ২২। | অত্র দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা ও নোটিশ বাতিল বা পরিবর্তন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন। | | |

চলমান পাতা-২

# ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions of Contract)

আবেদনকারীকে প্রতিষ্ঠানের নিজ প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনাপূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া-এর বরাবর নিম্নবর্ণিত ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

| | |
|---|---|
| ১। | সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি নিজ নামের/প্রতিষ্ঠানের হাল সনের বৈধ ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। |
| ২। | সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN) নম্বরসহ হাল সন পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্রের ১ (এক) খানা সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। কোন ঠিকাদার উৎসে কর কর্তন হতে অব্যহতি পেলে জাতীয় রাজস্ব বোর্ড অফিস হতে প্রাপ্ত অব্যহতি সনদ দাখিল করতে হবে। |
| ৩। | একক মালিকানার বেলায় কোন ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর নিকট হতে হতে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা (এফিডেভিট) এর মূলকপি/সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। |
| ৪। | অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। |
| ৫। | লিমিটেড কোম্পনীর বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট ষ্টক কোম্পনির সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। |
| ৬। | ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল বা দাখিলার সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। |
| ৭। | চাহিদাকৃত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে। |
| ৮। | খাদ্য বিভাগীয় অতীত দায়-দেনার (যদি থাকে) হলফনামার মূলকপি দাখিল করতে হবে। |
| ৯। | দরপত্রদাতা কোন দূর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত হবে না মর্মে দরপত্র দলিলে নির্দেশিত ফরমে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকারনামা প্রদান করতে হবে। |
| ১০। | যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তনের বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। |
| ১১। | অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশি মামলায় চূড়ান্তভাবে দোষী সাবস্ত থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না। |
| ১২। | সালিশি মামলা নিস্পত্তির অপেক্ষায়/আদালতে মামলা নিস্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপ্রত্রে অংশ গ্রহণ করতে পারবে। তবে সালিশি/মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা যাবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে। |
| ১৩। | প্রতিসেট সিডিউলের মূল্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, কুষ্টিয়া শাখায় ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তরে জমা দিয়ে এবং একটি ফটোকপি/অতিরিক্ত কপি প্রদর্শন পূর্বক (প্রদর্শিত ফটোকপি/ অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। |
| ১৪। | বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাবার পর ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া খাদ্য বিভাগের সাথে চুক্তি সম্পাদনের পর খাদ্য বিভাগীয় ও পুলিশ বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে ফৌজদারী কিংবা এতদ্বসংশ্লিষ্ট অন্যকোন অপরাধ যার তথ্য গোপন কা হয়েছে কিংবা অনুরূপ কোন অপরাধের শাস্তিপ্রাপ্ত হলে তার নিয়োগ আদেশ ও চুক্তিপত্র বাতিল করতে পারবেন। |
| ১৫। | দরপত্রদাতা দরপত্র তফসিলে বর্ণিত সকল তথ্যাবলি সুন্দরভাবে কালোকালিতে লিখে বা টাইপ করে পুরণপূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপত্র তফসিল, চুক্তিপত্র, দরপত্রের নিয়মাবলী ও শর্তাবলী, যোগ্যতা বিষয়ক প্রস্তাব দাখিলের শর্তাবলী ও নিয়মাবলীর প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে। |
| ১৬। | ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ের পরে পাওয়া গেলে উক্ত দরপত্র গ্রহণযোগ্য হবে না অর্থাৎ নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে/ফেরত প্রদান করা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র গ্রহণের বাক্সে দরপত্র ফেলতে হবে। |
| ১৭। | শর্তযুক্ত, কাটাছেঁড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না এবং প্রাইস সিডিউল/দর তফসিল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্ধৃত দরের মধ্যে প্রযোজ্য ট্যাক্স, ভ্যাট এবং ইনস্যুরেন্স খরচ অর্ন্তভূক্ত হিসেবে গণ্য হবে। দাখিলকৃত সকল ডকুমেন্টস/কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে। |

চলমান পাতা-৩

## দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Particular Conditions of Contract)

১। ঠিকাদারের যোগ্যতা ঃ

(ক) খাদ্যশস্য/খাদ্য সামগ্রী এবং অনুরূপ প্রকৃতির শ্রম ও হস্তার্পন (Labour & Handling) কাজে নুন্যতম ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য) কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ এবং অন্যান্য সরকারি আধা সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত হতে হবে। উক্ত অভিজ্ঞতার সনদে ঠিকাদারীর ধরণ ও কার্যকাল (কোন সাল হতে কোন পর্যন্ত উক্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ করতে হবে। নিম্ন দরদাতার সংখ্যা একাধিক হলে পিপিআর অনুযায়ী উক্ত অভিজ্ঞতা সনদ বিবেচনায় আনা হবে।

(খ) যে কোন সিডিউল ব্যাংক হতে এক আর্থিক বছরের লেন-দেনের স্বপক্ষে কমপক্ষে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার ব্যাংক হিসাব বিববরণী (Bank Statement) সহ তিনি আর্থিক ভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদ পত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে সনদ প্রদানকারী কর্মকর্তা সিনিয়র প্রিন্সিপল অফিসার/সমমান পদমর্যাদার নিম্নে নয়।

(গ) দরপত্রদাতার নগদ সম্পদ ঃ ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে নুন্যতম ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার নগদ সম্পদ আছে মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে।

২। দরপত্র দাখিলের নিয়মাবলী ঃ

(ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২(দুই) টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মাঝখানে ''শ্রম ও হস্তার্পন ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব" ও আর্থিক প্রস্তাবের খামে ''শ্রম ও হস্তার্পন ঠিকাদারের আর্থিক প্রস্তাব" লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া এবং বাম দিকে ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে। ২(দুই) টি খাম একত্র করে একটি বড় খামে দাখিল করতে হবে এবং অনুরূপভাবে বড় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া ও বাম দিকে ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে এবং বড় খামের উপরের দিকে যে এসএসডি'র কাজের জন্য দরপত্র দাখিল করবেন সে এলএসডি'র নাম লিখে দাখিল করতে হবে।

(খ) দরপত্র সিডিউলে আইটেম ভিত্তিক দর অংকে ও কথায় লিখে প্রদান করতে হবে।

(গ) যোগ্যতা প্রস্তাব বিষয়ক খামে (ক-ফরম) পূরণ এবং স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি বা বায়নার টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না।

(ঘ) আর্থিক প্রস্তাব বিষয়ক খামে প্রাইজ সিডিউলে (খ-ফরমে) শুধুমাত্র উদ্ধৃত দর অংকে ও কথায় লিখে নির্ধারিত স্থানে সীলসহ স্বাক্ষর করত: দাখিল করতে হবে।

(ঙ) সীল গালা ছাড়া কোন যোগ্যতা ও আর্থিক প্রস্তাব ফরম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না।

৩। টেন্ডার সিকিউরিটি ঃ

(ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে প্রতি এলএসডি'র জন্য আলাদাভাবে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) বাবদ জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া এর অনুকূলে ক্রয় করে ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন এসডিআর/সিডিআর গ্রহণযোগ্য হবে না। কুষ্টিয়া জেলার প্রতিটি এলএসডি'র জন্য জমাযোগ্য টেন্ডার সিকিউরিটির টাকার পরিমাণ ১০,০০০/- (দশ হাজার) টাকা।

(খ) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত দরদাতা ব্যতিরেকে অন্যান্য অকৃতকার্য দরপত্রদাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা চুক্তি সম্পাদনের পর ফেরত দেয়া হবে। যথা সময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারি খাতেবাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৪। আর্থিক প্রস্তাব বিষয়ক খ-ফরম পূরণের নিয়ম ঃ

ক) আর্থিক প্রস্তাব বলতে শুধুমাত্র প্রাইস সিডিউল ''খ" ফরম বুঝাবে।

খ) আর্থিক প্রস্তাবের সাথে টেন্ডার সিকিউরিটির, ব্যাংক ড্রাফট্/পে-অর্ডার/ অন্যকোন ডকুমেন্ট জমা দেয়া যাবে না।

গ) আর্থিক প্রস্তাব বিষয়ক ফরম ''খ" এর ০১ হতে ১০ নং আইটেম পর্যন্ত প্রাইস সিডিউলের আইটেম ভিত্তিক পৃথক পৃথক দর দাখিল করতে হবে।

ঘ) আর্থিক প্রস্তাব বিষয়ক খাম ''খ" ফরমে শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। দরদাতাকে প্রতি আইটেমের একক দর অংকে ও কথায় এবং সর্বমোট মূল্য (প্রতি আইটেম মোট মূল্যের যোগফল) শুধুমাত্র সিডিউলে নির্ধারিত কলাম/স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। দশমিকের পর দুই অংকের বেশী ব্যবহার করা যাবে না।

ঙ) ডিও ডেলিভারী এবং অন্যান্য যে সকল আইটেমে সরকারী কাজ সংঘটিত হয় না (সরকারী বিল পরিশোধ করা হয় না) সে সকল আইটেম ব্যতিত অন্য সকল আইটেমের (সরকারী বিল পরিশোধ করা হয়) উদ্ধৃত দর বিবেচনা করে গত ৩(তিন) বছরের বাৎসরিক গড় কাজের সাথে যাচাইপূর্বক সর্বনিম্ন মোট দর নির্ধারণ করা হবে। আইটেম ভিত্তিক একক দর ও মোট দরের মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে একক দর গৃহীত হবে এবং সে অনুযায়ী মোট দর সংশোধিত হবে।

৫। অত্র দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত/যোগ্যতা বিষয়ক প্রস্তাব (''ক" ফরম) ও আর্থিক প্রস্তাব বিষয়ক (''খ" ফরম) ইত্যাদি বিষয়ে সহায়ক তথ্য বা স্পষ্টিকরণের প্রয়োজন হলে দরপত্র দাতাগণ ২৭/১১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া সদর তথা সদস্য সচিব টেলিফোন নং-০৭১-৬১৯০১ এবং অত্র দপ্তরের হিসাব শাখা ও টেন্ডার শাখায় যোগাযোগ করতে পারবেন।

চলমান পাতা-৪

৬। **ঠিকাদার নির্বাচন পদ্ধতি ঃ**

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব অর্থাৎ ''ক'' ফরম সঠিক পাওয়া গেলে তার আর্থিক প্রস্তাব ''খ'' ফরম খোলা হবে এবং দাখিলকৃত দরদাতার সর্বনিম্নদর মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক সুপারিশ ও Head of the Procuring Entry (HOPE) কর্তৃক অনুমোদনদানের পর চুড়ান্ত বলে গণ্য হবে। সর্বনিম্ন দরদাতার সংখ্যা একাধিক হলে পাবলিক প্রকিউরমেন্ট (২য় সংশোধন) আইন ২০০৯ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক লটারির মাধ্যমে প্রতি এলএসডি'র জন্য ১ (এক) জন করে ঠিকাদার নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

(খ) প্রতি এলএসডি'র জন্য সর্বনিম্ন দরে একজন করে ঠিকাদার নির্বাচন করার পর কোন নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদঘাটিত হলে পিপিআর-২০০৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। **পারফরমেন্স সিকিউরিটি ঃ**

(ক) কৃতকার্য/নির্বাচিত দরদাতাকে সংশ্লিষ্ট এলএসডি'র বিগত ৩(তিন) বছরের শ্রম ও হস্তাপর্ণ (Labour & Handling) কাজের পরিশোধিত বিলের গড় টাকার ১৫% হারে (১০০০০/- টাকার কম নহে) (দরপত্র বিজ্ঞপ্তির ১১নং ক্রমিক মোতাবেক) ব্যাংক ড্রাফট পে-অর্ডারের মাধ্যমে পারফরমেন্স সিকিউরিটি (কার্য সম্পাদন জামানত) জমা দিয়ে চুক্তি সম্পাদন করতে হবে।

৮। **চুক্তি সম্পাদন ঃ**

(ক) সর্বনিম্ন দরদাতাকে তার দেয় এলএসডি'র জন্য শ্রম ও হস্তার্পন ঠিকাদার হিসাবে নিবাচিত করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও যথাযথ কর্তৃপক্ষ (HOPE) কর্তৃক অনুমোদিত হলে Letter of Indent প্রদান করা হবে এবং Letter of Indent প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান পূর্বক ২৮(আঠাশ) দিনের মধ্যে দরপত্রের সকল শর্তাদি পূরণ শেষে চুক্তি সম্পাদন করতে হবে।

৯। **চুক্তি সংশোধন ঃ**

(ক) সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন পণ্য শ্রম ও হস্তার্পন সংক্রান্ত বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/পরিপত্র দরপত্র তফশীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসাবে পরিগণিত হবে।

১০। **গোপনীয় প্রতিবেদন ঃ** নির্বাচিত ঠিকাদারদের ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পান করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। **ক্ষমতা সংরক্ষণ ঃ** কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অবাস্তব সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন দরপত্র দাতা যদি বর্তমান বাজার দর/দাপ্তরিক প্রাক্কলিত মূল্য হতে উল্লেখযোগ্য ভাবে কম মূল্য উদ্ধৃত করে দরপত্র দাখিল করেন তাহলে পিপিআর-২০০৮ এর অনুচ্ছেদ ৯৮(২৩) মোতাবেক উক্ত দরপত্র বাতিল/তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। **অভিযোগ ও আপিল ঃ** দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপিল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর-২০০৮ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর তৎপরবর্তী সংশোধনী অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নোটিশ বাতিল বা পরিবর্তন এবং যে কোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮/০৩/১৮

(মুহাম্মদ তানভীর রহমান)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)
কুষ্টিয়া।

২৮/০৩/১৮

চলমান পাতা-৫

স্মারক নং-১৩.০৫.৫০০০.০০৫.৪৯.০০১.১৮.২৮৯৫(২২)　　　　তারিখ ঃ ২৯/১০/২০১৮ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (সকল), ............................................ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
৪। পুলিশ সুপার, কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ। বহুল প্রচারের জন্য।
৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়নগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/খুলনা। বহুল প্রচারের জন্য।
৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
১০। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা/চট্রগ্রাম। বহুল প্রচারের জন্য।
১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ................................................ (সকল) জেলা। বহুল প্রচারের জন্য।
১২। জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া। বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচার কজরার জন্য অনুরোধ করা হলো।
১৩। ম্যানেজার, মহেশ্বরপাশা/খুলনা/দিনাজপুর/মুলাডুলি/সান্তাহার সিএসডি। বহুল প্রচারের জন্য।
১৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ........................................................ কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), ...................................................... এলএসডি, কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
১৬। সভাপতি/সম্পাদক, শিল্প ও বণিক সমিতি, কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
১৭। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স, কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
১৮। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, কুষ্টিয়া। বহুল প্রচারের জন্য।
১৯। প্রশাসন/হিসাব/মজুত/নিরীক্ষা/নেজারত শাখা, অত্র দপ্তর।
২০। মেসার্স ............................................................................ শ্রম ও হস্তার্পন ঠিকাদার, ................................ এলএসডি, কুষ্টিয়া।
২১। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
২২। অফিস কপি।

২৯/১০/১৮

(মুহাম্মদ তানভীর রহমান)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া।

২৯/১০/১৮